# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

## বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

www.dewbn.gov.bd

ফোন ঃ ০১৭৬৯-৭১৯৮০৬, ফ্যাক্স ঃ +৮৮০২২২৩৩০৩৫০১


০৫ বৈশাখ ১৪৩২

০৬.০২.৬৭৫৮.১৬৫.১১.১৬৫.২৫.২৮০ — ১৮ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (ডিইডব্লিউ) লিঃ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এর চলমান বিভিন্ন প্রজেক্টের অধীনে প্ল্যানিং এন্ড ডিজাইন বিভাগের জন্য নিম্নেবর্ণিত পদে **চুক্তিভিত্তিক** জনবল নিয়োগ প্রদান করা হবে :

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (২১/০৪/২০২৫ পর্যন্ত) | নিয়োগের ধরণ | বেতন |
|---|---|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রজেক্ট অফিসার | ০৪ (চার) টি | ১। সরকার অনুমোদিত পলিটেকনিক ইন্সটিটিউট হতে ডিপ্লোমা-ইন- সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে পাশ । <br><br> ২। নদী ড্রেজিং, রিভার ব্যাঙ্ক প্রোটেকশন, বাধঁ নির্মাণ, ক্রস ড্যাম নির্মাণ এবং ব্লক ম্যানুফ্যাকচারিং কাজে অভিজ্ঞতাসম্পন্ন। | অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। তবে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও বিআইডব্লিউটিএ এর অবসরপ্রাপ্ত প্রকৌশলীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | চুক্তিভিত্তিক | ডিইডব্লিউ লিঃ এর নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী |

২। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি ও বোনাস ডিইডব্লিউ লিঃ এর নিজস্ব বেতন/ মজুরী কাঠামো, নিয়োগ নীতিমালা ও প্রচলিত নিয়মানুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।

৩। ডিইডব্লিউ লিঃ এর মেডিক্যাল সেকশন কর্তৃক প্রদত্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট সন্তোষজনক ও পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক প্রতিপাদিত হলে নিয়োগ প্রদান করা হবে।

৪। আগ্রহী প্রার্থীকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন (অনলাইন ভেরিফাইড কপি যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার সনদ এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রসমূহের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ **সরাসরি আগামী ২১ এপ্রিল ২০২৫ তারিখ সকাল ১০০০ ঘটিকার মধ্যে "ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর-১৪১০, বন্দর, নারায়ণগঞ্জ" এর ঠিকানায় উপস্থিত থাকার জন্য বলা হলো।**

৫। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৬। ডিইডব্লিউ লিঃ এর চাহিদার প্রেক্ষিতে পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে সকল জেলার প্রার্থীগণ অংশগ্রহণ করতে পারবেন।

৮। প্রার্থীকে বাংলাদেশের যেকোন জেলা/ প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মনোভাব/ মানসিকতা থাকতে হবে।

৯। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অনুমতি পত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। নিরাপত্তার স্বার্থে নিয়োগ সংশ্লিষ্ট পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি ও সচেতনতা অবলম্বন করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল এবং সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পক্ষে ব্যবস্থাপনা পরিচালক